

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৫২৫

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ মানুষের জন্য আবশ্যক হলো মন্দ কাজ করার পর সাধ্যমত ভাল কাজ করা

ذِكْنُ الْإِخْبَارِ بِأَنَّ عَلَى الْمَرْءِ تَعْقِيبَ الْإِسَاءَةِ بِالْإحْسَانِ مَا قَدَرَ عَلَيْهِ فِي أُسْبَابِهِ

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الْحَسَنِ بْنِ قُتَيْبَةَ قَالَ: حَدَّثَنَا يَزِيدُ بْنُ مَوْهَبٍ قَالَ: حَدَّثَنَا ابْنُ وَهْبٍ عَنْ عَبْدِ اللَّهِ حَرْمَلَةَ بْنِ عِمْرَانَ التُّجِيبِيِّ أَنَّ سَعِيدَ بْنَ أَبِي سَعِيدِ الْمَقْبُرِيَّ حَدَّتَهُ عَنْ أَبِيهِ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرِو بْنِ الْعَاصِ: أَنَّ مُعَاذَ بْنَ جَبَلٍ أَرَادَ سَفَرًا فقَالَ: يَا نَبِيَّ اللَّهِ أُوصِنِي قَالَ: (اعْبُدِ اللَّهَ لَا تُشْرِكُ بِهِ شَيْئًا) قَالَ: يَا نَبِيَّ اللَّهِ زِدْنِي قَالَ: (إِذَا أَسَأْتَ فأحْسِنْ)قَالَ: يَا رَسُولَ اللَّهِ زِدْنِي قَالَ: (إِذَا أَسَأْتَ فأحْسِنْ)قَالَ: يَا رَسُولَ اللَّهِ زِدْنِي قَالَ: (إِذَا أَسَأْتَ فأحْسِنْ)قَالَ: يَا رَسُولَ اللَّهِ زِدْنِي قَالَ: (إِذَا أَسَأْتَ فأحْسِنْ)قَالَ: يَا رَسُولَ

الراوي: عَبْد اللَّهِ بْن عَمْرِو بْنِ الْعَاصِ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 525 ا خلاصة حكم المحدث: حسن.

বাংলা

৫২৫. আব্দুল্লাহ বিন আমর বিন 'আস রাদ্বিয়াল্লাহু 'আনহুম থেকে বর্ণিত, তিনি বলেন, "মু'আয বিন জাবাল রাদ্বিয়াল্লাহু 'আনহু একবার এক সফরে যাওয়ার ইচ্ছা করেন। ফলে তিনি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলেন: "হে আল্লাহর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আমাকে কিছু উপদেশ দিন।" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: "তুমি আল্লাহর ইবাদত করবে, আর তাঁর সাথে কোন কিছুকে শরীক করবে না।" তিনি বলেন: "হে আল্লাহর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আমাকে আরো কিছু উপদেশ দিন।" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: "যখন তুমি কোন মন্দ কাজ করবে, তখন (কিছু) ভাল কাজ করবে।" তিনি বলেন: "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আমাকে আরো কিছু উপদেশ দিন।" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: "তুমি এর উপর অটল-অবিচল থাকবে। তোমার আচার-আচরণ সুন্দর করবে।"[1]

ফুটনোট



[1] হাকিম: ১/৫৪, ৪/২৪৪; তাবারানী, আল কাবীর: ২০/৫৮; তাবারানী, আল আওসাত: ২৩৩; দুলাবী, আল কুনা ওয়াল আসমা: ১/২০২।

হাদীসটিকে আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাসান বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। (আস সহীহাহ: ১২২৮।)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন